# মাঠ কার্যক্রমের অভিজ্ঞতা বিনিময় ও চূড়ান্ত কর্মশালা

# মাঠ কার্যক্রমের অভিজ্ঞতা বিনিময় ও চূড়ান্ত কর্মশালা

## মার্চ ৪–৭, ১৯৯০

## পটুয়াখালী

### প্রথম দিন ঃ

### প্রথম অধিবেশন/উদ্বোধনী অনুষ্ঠান ঃ

প্রধান অতিথিঃ চেয়ারম্যান, পটুয়াখালী জেলা পরিষদ।
বিশেষ অতিথিঃ মিঃ আর, এন, রায়। বি, ও, বি, পি, মাদ্রাজ।
উপস্থিত সুধীবৃন্দের মধ্যে ছিলেন বি, ও, বি, পি' ঢাকা প্রতিনিধি জনাব আবুল কাসেম, প্রাক-আহরণ বিশেষজ্ঞ মিঃ ওয়াকার, পটুয়াখালী এবং বরগুনার জেলা মৎস্য কর্মকর্তাদ্বয়, প্রশিক্ষক দলের মিঃ শিবব্রত নন্দী এবং মিঃ মোসারফ হোসেন এবং ১১টি উপজেলা থেকে আগত মৎস্য অধিদপ্তরীয় কর্মকর্তাবৃন্দ। তাছাড়াও ৪টি বেসরকারী সংস্থার (কোডেক, এস, সি, আই, আশা এবং জাতীয় মৎস্যজীবি সমিতি) স্থানীয় প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।
উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন বক্তা উপকূলীয় জেলে সম্প্রদায়ের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নে সম্প্রসারণ কার্যক্রমের সুনির্দিষ্ট ভূমিকার কথা আলোচনা করেন এবং বর্তমান কার্যক্রমের প্রতি আশাবাদ ব্যক্ত করেন।
উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পটুয়াখালীর জেলা মৎস্য কর্মকর্তা জনাব আবুল কালাম। কর্মশালাটি অনুষ্ঠিত হয় জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় সংলগ্ন ভবনে।

### দ্বিতীয় অধিবেশন ঃ

উদ্বোধনী অনুষ্ঠানের পর যথারীতি কর্মশালার মূল কাজ শুরু করা হয়। প্রথমেই কর্মশালায় অংশগ্রহণকারীদের প্রত্যাশা (Expectation) জানতে চাওয়া হয়। এপ্রেক্ষিতে সবাই নিম্নলিখিত প্রত্যাশাগুলো ব্যক্ত করেন–যা পোষ্টারে লিপিবদ্ধ করা হয়।

### প্রত্যাশা ঃ

১. বৎস্যজীবী সম্প্রদায়ের আর্থ-সামাজিক কার্যক্রম সম্পর্কে আলোচনা
২. মিঠাপানি এবং লবণাক্ত/আধা-লবণাক্ত পানিতে মাছ চাষ
৩. বি, ও, বি, পি'র বর্তমান কার্যক্রমে ভবিষ্যতে জেলে-সম্প্রদায়কে কি ধরণের সাহায্য সহযোগিতা প্রদান করা হবে
৪. ভবিষ্যতে সম্প্রসারণ কার্যক্রমের সুনির্দিষ্ট রূপরেখা
৫. সত্যিকার জেলে সংগঠন গড়ে তোলবার লক্ষ্যে মৎস্যজীবীদের সংগঠিত করবার রূপরেখা
৬. বর্তমান প্রকল্পে বেসরকারী সংস্থার (NGO) ভূমিকা কি হবে
৭. উপজেলাওয়ারী প্রকল্পগুলো সঠিকভাবে নির্ণয় করা হয়েছে কি-না
৮. প্রকল্পগুলো কবে নাগাদ বাস্তবায়ন করা যাবে
৯. এলাকাভিত্তিক ক্ষুদ্রাকারে স্বাদুপানির মৎস্যচাষ কার্যক্রম কিভাবে বাস্তবায়ন করা যেতে পারে
১০. মৎস্যজীবিদের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নে কি কি বাস্তবমুখী পদক্ষেপ নেওয়া যাবে
১১. একই গ্রামে বিভিন্ন দলে সমস্যার ভিন্নতা থাকলে কর্ম-পরিকল্পনা ভিন্ন হবে কি-না
১২. মৎস্য আহরণ সরঞ্জামাদি উন্নয়ন এবং মৎস্য আহরণের পদ্ধতি
১৩. মৎস্যজীবীদের জন্যে কি ধরণের জরুরী সহযোগিতা প্রয়োজন পড়বে
১৪. প্রকল্প বাস্তবায়ন-কৌশল এবং বাজেট কিভাবে তৈরী করা হবে
১৫. সমস্যাবলী সমাধানের লক্ষ্যে গৃহীত প্রকল্প সম্পর্কে আলোচনা
১৬. জলাশয়ের তথ্য সংগ্রহ-কৌশল এবং উন্নয়নের রূপরেখা
১৭. বিষয়বস্তুর সার-সংক্ষেপ পর্যালোচনা

১৮. বিগত প্রশিক্ষণের প্রতিবেদন সম্পর্কে আলোচনা
১৯. অভিজ্ঞতার বিনিময়
২০. জেলেদের সাথে আরো ঘনিষ্ট সম্পর্ক স্থাপনের পথ জানা
২১. সম্প্রসারণের পথ জানা
২২. উপজেলা পর্যায়ে গ্রাম নির্বাচনের বিবরণ উপস্থাপনা এবং প্রকল্প সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ
২৩. জেলেদেরকে কিভাবে নিয়মিত সভায় উপস্থিত করানো যায়, তা জানা
২৪. বিভাগীয় জনবল ছাড়া অন্যকোন সহায়ক ষ্টাফ নিয়োগ করা হবে কিনা
২৫. প্রধান কার্যালয়ের সাথে যোগাযোগ উন্নয়ন কৌশল
২৬. পুরুষ ও মহিলাদের নিয়ে যৌথ সভা করা যাবে কিনা, গেলে কিভাবে
২৭. সমস্যার মূল কারণ, মাথাপিছু গড় আয় এবং ভূমিহীনতার সংজ্ঞা
২৮. নমুনা জরীপের সংজ্ঞা এবং উদ্বুদ্ধকরণ কৌশলের সংজ্ঞা
২৯. প্রকল্প এবং মূল পরিকল্পনার মধ্যে পার্থক্য, আর্থ–সামাজিক উন্নয়নের সাথে উন্নয়নের পার্থক্য এবং সমষ্টিগত উন্নয়নের সংজ্ঞা
৩০. প্রকল্প ব্যবস্থাপনার নিয়মকানুন, আয়–ব্যয় হিসাব সংরক্ষণ পদ্ধতি এবং প্রকল্পের সময়সীমা সম্পর্কে জানা
৩১. Sharing এবং Consolidation এর সংজ্ঞা

## তৃতীয় অধিবেশন ঃ

অংশগ্রহণকারীদের প্রত্যাশাসমূহ লেখার পর প্রতিটি প্রত্যাশার আলোকে সংক্ষিপ্ত আলোচনা করা হয়। অতঃপর অংশগ্রহণকারী ১১টি উপজেলাকে নিয়ে ১১টি ছোট দল গঠন করা হয়। প্রত্যেক দলকে বিষয়বস্তুর আলোকে পোষ্টারের মাধ্যমে তাদের নিজ নিজ দায়িত্ব সমাধা করতে বলা হয়। বিষয়বস্তু হলো নিম্নরূপঃ

ক. নির্বাচিত গ্রামের বিবরণ
খ. গ্রামগুলো নির্বাচনের কারণ
গ. অভীষ্ট জনসংখ্যা নির্বাচনের কারণ
ঘ. মূলসমস্যাসমূহ, সমস্যার কারণ
ঙ. সমস্যা সমাধানের সম্ভাব্য উপায়
চ. সমস্যা সমাধানে সুস্পষ্ট নিজ মতামত
ছ. সম্ভাব্য চাহিদা

## চতুর্থ অধিবেশন ঃ

উল্লেখিত বিষয়বস্তুর আলোকে উপজেলাওয়ারী আলোচনার মাধ্যমে যে সমস্ত তথ্য উদ্ঘাটিত হয়, তা পোষ্টারের মাধ্যমে উপস্থাপন করা হয়। নিম্নে উপজেলাওয়ারী উপস্থাপনার বিষয়গুলোর সারসংক্ষেপ উল্লেখিত হচ্ছেঃ

| উপজেলা | নির্বাচিত গ্রাম সংখ্যা | গ্রাম নির্বাচনের কারণ | জেলেদের মূল সমস্যা | সমস্যার কারণ | সমস্যা সমাধানের সম্ভাব্য উপায় |
|---|---|---|---|---|---|
| মির্জাগঞ্জ | ৩ | অধিক জেলের বাস, জেলেরা গরীব, ভূমিহীন গুচ্ছগ্রাম, ঘনবসতিপূর্ণ গ্রাম | মাছ মরা, যান ও সরঞ্জামের অপ্রতুলতা, শিক্ষার অভাব, স্বাস্থ্য সম্পর্কে অসচেতনতা, সংগঠনের প্রতি অনীহা, বিকল্প কর্মসংস্থানের অভাব | অর্থের অভাব, অসচেতনতা, শিক্ষার অভাব, প্রতারিত | ঋণদান, বয়স্ক শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা, ইঞ্জিনচালিত নৌকা সরবরাহ, সংগঠন তৈরী, মৎস্য প্রক্রিয়াজাতকরণ, মৎস্য চাষ, গাভী পালন, ক্ষুদ্র ব্যবসা। |
| দশমিনা | ৩ | জেলে গ্রাম, আর্থ-সামাজিক অবস্থা খারাপ | যাতায়াত, শিক্ষা, পরিবার পরিকল্পনা, জাল, নৌকা, মাছ বাজারজাতকরণ, মজা পুকুর, মাছ প্রক্রিয়া-জাতকরণ | ভূমিহীন, বন্যা, মহামারী, আর্থিক অনটন, জোতদার এবং মহাজনের অত্যাচার | কারিগরী প্রশিক্ষণ, সংগঠন প্রতিষ্ঠা, ঋণ প্রদান, মৎস্য চাষ |
| পটুয়াখালী (সদর) | ৩ | অধিক জেলের বাস, ভালো যোগাযোগ ব্যবস্থা, দারিদ্র, অনগ্রসরতা | অসংগঠিত, গড় আয় কম, অশিক্ষা, পেশা-গত সরঞ্জামের অভাব, বিকল্প কর্মসংস্থানের অভাব, স্বাস্থ্য ও সেবার অভাব | সমশ্রেণীর মধ্যে বোঝাপড়ার অভাব পুঁজির স্বল্পতা, আয় ব্যয়ের অসংগতি, স্থানীয় সম্পদ ব্যবহারে অক্ষমতা, বংশানু-ক্রমিক ঋণ, পারস্পরিক অবিশ্বাস ও অশিক্ষা | সংগঠন প্রতিষ্ঠা, পুঁজি সরবরাহ, স্থানীয় সম্পদ ব্যবহারে উদ্বুদ্ধকরণ, কারিগরী প্রশিক্ষণ, বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা, স্বাস্থ্যশিক্ষা ও বয়স্কশিক্ষা কার্যক্রম চালু |
| বাউফল | ৩ | উন্নত যোগাযোগ, জেলেদের মৎস্য আহরণ ছাড়া বিকল্প কর্ম-সংস্থান নেই, তুলনামূলক কম সাহায্য প্রাপ্ত, অনগ্রসর | ভালো জাল ও নৌকার অভাব, মাছের স্বল্পতা, শিক্ষার অভাব, স্বাস্থ্যহীনতা, পুঁজির অভাব | | ঋণদান, বয়স্ক শিক্ষাক্রম চালু, বিকল্প কর্মসংস্থান যেমন-মাছচাষ, হাঁসমুরগী পালন, কৃষি কাজ |
| গলাচিপা | ৪ | অধিক জেলের বাস, দারিদ্র, সংগঠন না থাকা, শিক্ষার নিম্নহার এবং স্বাস্থ্যহীনতা ও অন্যান্য | সংগঠনের অভাব, কম গড় আয়, পেশা-গত সরঞ্জামের অভাব, বিকল্প কর্মসংস্থানের অভাব, মাছ প্রক্রিয়া-জাতকরণের জ্ঞানের অভাব | পারস্পরিক অবিশ্বাস, মৎস্য আহরণ-চাষ ও প্রক্রিয়াজাতকরণের জ্ঞানের অভাব, পণ্যের কম মূল্য প্রাপ্তি, পুঁজির অভাব | পেশাগত সরঞ্জাম ক্রয়ের ব্যবস্থা, বিকল্প কর্মসংস্থানের জন্য কর্মসূচী গ্রহণ, শিশু ও বয়স্কশিক্ষার ব্যবস্থা |

| উপজেলা | নির্বাচিত গ্রাম সংখ্যা | গ্রাম নির্বাচনের কারণ | জেলেদের মূল সমস্যা | সমস্যার কারণ | সমস্যা সমাধানের সম্ভাব্য উপায় |
|---|---|---|---|---|---|
| বেতাগী | ৩ | মৎস্যজীবি, ভালো যাতায়াত | জলাশয়ের কর্তৃত্বহীনতা মাছের স্বল্পতা, ঋণের অভাব, বিকল্প কর্ম-সংস্থানের অভাব, ভূমিহীনতা, শিক্ষার অভাব | গড় আয় কম, নিজস্ব পুঁজি কম | ঋণমঞ্জুরী, শিক্ষাকার্যক্রম গ্রহণ, মাছ ধরার সরঞ্জাম সরবরাহ, মজা পুকুর সংস্কার ও মাছ চাষ, সব্জি ও হাঁস মুরগীর চাষ, স্বাস্থ্য শিক্ষা |
| বামনা | ৪ | মৎস্যজীবি এবং দারিদ্র, নদী তীরবর্তী এবং ভালো-যোগাযোগ ব্যবস্থা | মাছের স্বল্পতা, কর্মসংস্থানের অভাব, প্রাকৃতিক দূর্যোগ, পুঁজি, শিক্ষা ও স্বাস্থ্য | মাছের তুলনায় জেলে সংখ্যা বেশী, মাছ আহরণ ছাড়া অন্য পেশা অজানা, সঞ্চয়ের অভাব, দাদন প্রথা | সূতা, জাল ও নৌকা মেরামত কারখানা, বয়স্কশিক্ষা চালু, পোনা উৎপাদন খামার স্থাপন |
| আমতলী | ৩ | অধিকাংশ মৎস্যজীবি অস্বচ্ছল ও ভূমিহীন, আংশিক বেকারত্ব | যান্ত্রিক নৌকার অভাব, শিক্ষা ও স্বাস্থ্য সম্পর্কীত জ্ঞানের অভাব | আর্থিক অস্বচ্ছলতা, পুঁজির অভাব, নিজ শ্রম, সরকারী স্বাস্থ্য সেবার অভাব | গ্রুপ ভিত্তিক যান্ত্রিক নৌকা সরবরাহ, ন্যায্যমূল্যে সূতা সরবরাহ, শিক্ষার ব্যাপারে উদ্বুদ্ধকরণ, স্বাস্থ্য বিভাগকে তৎপর করা |
| বরগুনা (সদর) | ১ | অধিকাংশ জেলে, সীমিত আয় এবং ভূমিহীনতা | মৎস্য আহরণ সরঞ্জামের অভাব, ন্যায্যমূল্যে মাছ বিক্রয়ের অভাব, শিক্ষা প্রতিষ্ঠানের স্বল্পতা, বিশুদ্ধ পানীয় জলের অভাব, স্বাস্থ্য সার্ভিসের দুস্প্রাপ্যতা | পুঁজির অভাব, শিক্ষা প্রতিষ্ঠানের অভাব, স্বাস্থ্য-সম্মত পায়খানা ও টিউবওয়েলের অভাব | জেলেদেরর ন্যায্য মূল্যে উপকরণাদি সরবরাহ, ঋণের ব্যবস্থা, হাঁসমুরগী প্রকল্প গ্রহণ |
| পাথরঘাটা | ৪ | ঘন জেলে বসতি, দরিদ্র, ভূমিহীন, নদী তীরবর্তী, ভালো যোগা-যোগ ব্যবস্থা | মূলধন, মৎস্য আহরণ উপকরণ, বিকল্প কর্ম-সংস্থান, ইজারা প্রথা, নিরাপত্তা, স্বাস্থ্য ও শিক্ষার অভাব | বংশানুক্রমিক দারিদ্র, ন্যায্য মজুরী ও কর্ম-সংস্থানের অভাব, স্বাস্থ্য ও শিক্ষা সার্ভিসের অভাব, কর্তৃত্বের অভাব | গ্রুপভিত্তিক মৎস্য আহরণ সরঞ্জাম সরবরাহ, প্রাতিষ্ঠানিক ঋণ, বাজারজাত-করণ ব্যবস্থা |

## দ্বিতীয় দিন ঃ

## প্রথম অধিবেশন ঃ

গতদিনের সর্বশেষ অধিবেশনে অংশগ্রহণকারীরা পোষ্টারের মাধ্যমে তাদের নিজ নিজ উপজেলার যে সমস্ত তথ্যাবলী তুলে ধরেন-তা নিয়ে আবার আলোচনা করা হয়। দেখা যায়, সুনির্দিষ্ট প্রকল্প প্রণয়নে এখনো ভাসা ভাসা ধারণা রয়ে গেছে। যেমনঃ সমস্যার কারণকে অনেকেই সমস্যা হিসাবে চিহ্নিত করেছেন। আবার অনেকেই সমস্যা সমাধানের জন্য যে সমস্ত প্রকল্প উপস্থাপন করেছেন-তাতে সম্পদের সীমাবদ্ধতা, নিজেদের প্রকল্প সম্পর্কে ধারণা, জনবল ইত্যাদিকে তেমন গুরুত্ব দেননি।
এ পর্যায়ে বি, ও বি, পি'র মিঃ রথীন রায় প্রকল্প প্রণয়নের বিষয়ে আরো গভীরভাবে চিন্তা করার আহবান জানান।

## দ্বিতীয় অধিবেশন ঃ

গতদিন যে সমস্ত সমস্যা এবং সম্ভাব্য সমাধানের পথ আলোচিত হয়, তাতে দেখা যায় অনেকগুলো কর্মপন্থার সাথেই শ্রমজীবি জেলে সম্প্রদায় সরাসরি জড়িত নয়। এ প্রেক্ষিতে অংশগ্রহণকারীদের আবার নূতনভাবে চিন্তা করতে বলা হয়।

এ পর্যায়ে প্রশিক্ষক দলের পক্ষ থেকে উদাহরণ সহকারে "সমস্যাসমূহের প্রকৃত কারণ" চিহ্নিতকরণের উপায় সম্পর্কে বিস্তৃত আলোকপাত করা হয়।

## তৃতীয় অধিবেশন ঃ

সমস্যাসমূহের প্রকৃত কারণ 'চিহ্নিতকরণের উপায় আলোচিত হওয়ার পর আবার "উদ্‌ঘাটিত" সমস্যাসমূহকে নতুনভাবে সাজানো (Setting) হয়। এর আলোকে সম্ভাব্য প্রকল্পগুলোকে চিহ্নিত করতে বলা হয়, যা মৎস্যজীবিদের সাথেই সম্পর্কযুক্ত। এ পর্যায়ে বি, ও, বি, পি'র মিঃ রথীন রায় পোষ্টারের মাধ্যমে প্রকল্পগুলোকে মূল কয়েকটি ভাগে ভাগ করে উপস্থাপনার পরামর্শ দেন। এ আলোচনার সারসংক্ষেপ নিম্নরূপঃ

### A. FISHERIES

**o Capture**

- Craft introduction
- Gear introduction
- Credit mechanization
- Promotion of sea and hilsa fishing/river fishing
- Maintenance support
- Fishing rights
- Security

**o Aquaculture**

- Fresh water fish/shrimp culture
- Ownership of waterbodies
- Seed non-availability
- Derelict waterbodies

**o Marketing/Processing**

- Transport
- Non-availability of ice
- Middlemen Traders
- Low fish prices
- Landing centres
- Hilsa selling special projects
- Dried fishes

### B. GENERAL

**o Education**

- Non-formal adult education
- Primary education (non-formal)

**o Health**

- Health education-Nutrition
- Preventive care
- Health care/toilets

- **Population**
  - Population education
  - Population services

- **Housing**
  - New
  - Maintenance

- **Water**
  - Drinking water supply

- **Alternative/off-season Employment**
  - Poultry
  - Livestock
  - Vegetables
  - Cottage industry
  - Small trading
  - Rice husking

- **Organization**
  - Solidarity
  - Collective action
  - Group credit/savings

- **Credit**
  - Crafts
  - Gears
  - Income generation
    - Aquaculture
    - Marketing

- **Social Forestry**
  - Food
  - Fodder
  - Eco-development

**চতুর্থ অধিবেশন ঃ**

মিঃ আর, এন, রায়ের উপরোক্ত আলোচনার পর অংশগ্রহণকারীদেরকে আবারো নতুনভাবে প্রকল্প উপস্থাপনার পরামর্শ দেওয়া হয়। এর জন্য রাতে কাজ করার জন্য সবাইকে একশীট কাগজ দেয়া এবং পরদিন-উপজেলাওয়ারী গুরুত্বানুসারে ৩-৫ টি প্রকল্প নির্ণয়ের পরামর্শ দেওয়া হয়।

## তৃতীয় দিন ঃ

### প্রথম অধিবেশন ঃ

গতদিন প্রকল্প চূড়ান্তকরণের লক্ষ্যে অংশগ্রহণকারীরা রাতে কাজ করার জন্য যে দায়িত্ব নিয়েছিলেন, সে সমস্ত প্রকল্পসমূহ প্রথমেই জমা নেয়া হয়। প্রকল্পগুলোকে পোষ্টারের মাধ্যমে সমন্বিত করা হয়। উপজেলাওয়ারী এ পর্যায়ে যে সমস্ত সম্ভাব্য প্রকল্প চিহ্নিত করা হয়, তার সংক্ষিপ্তসার নীচে দেয়া হলোঃ

| উপজেলা | চিহ্নিত প্রকল্পসমূহ |
|---|---|
| ১. পটুয়াখালী (সদর) | ১. সাজ-সরঞ্জাম সরবরাহের জন্য স্বল্পমেয়াদী পর্যবেক্ষণশীল (Supervised) ঋণের ব্যবস্থা<br>২. প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ<br>৩. পয়ঃপ্রণালী আধুনিকীকরণ কর্মসূচী গ্রহণ<br>৪. স্থানীয় সম্পদ ব্যবহারপূর্বক ঘূর্ণায়মান তহবিল (Revolving Fund) সৃষ্টির জন্য আয় উৎপাদক প্রকল্প গ্রহণ (মাছ চাষ)<br>৫. বৃত্তিমূলক প্রশিক্ষণ ও পুঁজি বিনিয়োগ প্রকল্প |
| ২. দশমিনা | ১. ইঞ্জিন চালিত নৌকা সরবরাহ<br>২. জাল ও সূতা সরবরাহ<br>৩. মজুদ পুকুরে পরিকল্পিত মৎস্য চাষ<br>৪. মৎস্য চাষে প্রশিক্ষণ<br>৫. বনায়ন কর্মসূচী |
| ৩. গলাচিপা | ১. মাছ আহরণের জন্য জাল ও সূতা সরবরাহ<br>২. ইঞ্জিন চালিত নৌকা সরবরাহ<br>৩. হাঁসমুরগী খামার স্থাপন<br>৪. নার্সারী পুকুর<br>৫. বয়স্ক শিক্ষা কার্যক্রম |
| ৪. বাউফল | ১. জালের সূতা সরবরাহ<br>২. মৎস্য/চিংড়ী চাষ<br>৩. বিভিন্ন আয়-মূখী প্রকল্পে ঋণদান<br>৪. বয়স্ক শিক্ষা<br>৫. স্বাস্থ্য শিক্ষা |
| ৫. কলাপাড়া | ১. জালের সূতা সরবরাহ<br>২. পুকুরে পরিকল্পিত মাছ চাষ<br>৩. হাঁসমুরগীর খামার করা |
| ৬. মির্জাগঞ্জ | ১. বয়স্ক শিক্ষা<br>২. স্বাস্থ্য শিক্ষা ও জলাবদ্ধ পায়খানা সরবরাহ<br>৩. ঋণদান (জাল ও নৌকা তৈরী এবং মেরামত)<br>৪. বিভিন্ন আয়মূখী প্রকল্প-মৎস্য প্রক্রিয়াজাতকরণ গরুপালন, ক্ষুদ্র ব্যবসা<br>৫. মৎস্য-চিংড়ী চাষ প্রকল্প গ্রহণ নার্সারী/লালন/মজুদ পুকুর স্থাপনা |

| উপজেলা | চিহ্নিত প্রকল্পসমূহ |
|---|---|
| ৭. বরগুনা (সদর) | ১. বয়স্ক শিক্ষা<br>২. স্বাস্থ্য শিক্ষা ও জলাবদ্ধ পায়খানা সরবরাহ<br>৩. মৎস্য আহরণ উপকরণ সরবরাহ<br>৪. বনায়ন কর্মসূচী<br>৫. আয়মুখী প্রকল্প-হাঁসমুরগী, ছাগল, গাভী পালন |
| ৮. বরগুনা জেলা অফিস | ১. কার্প নার্সারী<br>২. কার্পের চাষাবাদ<br>৩. চিংড়ী-কার্প মিশ্রচাষ |
| ৯. বামনা | ১. জালসহ ইঞ্জিন চালিত নৌকা সরবরাহ<br>২. হাঁস মুরগী পালন ও শাক্‌সব্জি চাষ<br>৩. জাল/নৌকা তৈরী/মেরামতের জন্য ঋণদান |
| ১০. বেতাগী | ১. যান্ত্রিক নৌকা ও জাল সরবরাহ<br>২. মৎস্য চাষ<br>৩. স্বাস্থ্য শিক্ষা<br>৪. ঋণদান |
| ১১. আমতলী | ১. সমুদ্রে মাছ ধরা ও পরিবহনের জন্য জাল ও নৌকা<br>২. স্বাস্থ্য শিক্ষা প্রকল্প<br>৩. বনায়ন |
| ১২. পাথরঘাটা | ১. ঋণদান (নৌকা ও জাল তৈরী এবং মেরামত)<br>২. মাছচাষ (চিংড়ী-কার্প, নার্সারী)<br>৩. নৌকা যান্ত্রিকীকরণ<br>৪. ইলিশ মাছ লবণাক্তকরণ, পোল্ট্রী এবং গরুপালন<br>৫. স্বাস্থ্য শিক্ষা |
| ১৩. এস, সি, আই (মৌডুবী, গলাচিপা)<br>NGO | ১. মাছ আহরণের জন্য জাল/সূতা সরবরাহ<br>২. ইঞ্জিন চালিত নৌকা সরবরাহ<br>৩. পুকুরে মৎস্য চাষ<br>৪. বয়স্ক শিক্ষা<br>৫. বনায়ন কর্মসূচী |
| ১৪. আশা<br>NGO | ১. মৎস্যজীবিদের সংগঠন<br>২. বয়স্ক শিক্ষা<br>৩. ঋণদান কর্মসূচী<br>৪. স্বাস্থ্য শিক্ষা কর্মসূচী<br>৫. পোনা উৎপাদন খামার |
| ১৫. কোডেক (পটুয়াখালী, গলাচিপা)<br>NGO | ১. সংগঠন<br>২. বয়স্ক ও শিশু শিক্ষা<br>৩. দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ<br>৪. মায়েদের স্বাস্থ্য রক্ষা<br>৫. সঞ্চয় উৎসাহী প্রকল্প |

| উপজেলা | চিহ্নিত প্রকল্পসমূহ |
| --- | --- |
| ১৬. জাতীয় মৎস্যজীবি সমিতি NGO | ১. ঋণদান (নৌকা, জাল তৈরী ও মেরামত)<br>২. সূতা, বাঁশ, বেত ও হাঁস মুরগী পালনের জন্য মহিলাদের মধ্যে বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম<br>৩. বয়স্ক শিক্ষা কার্যক্রম<br>৪. সংগঠন ও সঞ্চয় প্রকল্প<br>৫. মৎস্য চাষ কার্যক্রম |

**দ্বিতীয় অধিবেশন ঃ**

উপস্থিত উপজেলাওয়ারী প্রকল্পগুলো নিয়ে বিস্তৃত আলোচনা করা হয়। বিশ্লেষণে দেখা যায় যে, অনেকগুলো প্রকল্পই বিভিন্ন উপজেলায় একই ধরনের। যেমন–ঋণদান কর্মসূচী, মৎস্য চাষ, বয়স্ক শিক্ষা, ইত্যাদি। আবার এমন সব প্রকল্প প্রস্তাবনা করা হয়েছে–যে সমস্ত প্রকল্প সম্পর্কে নিজস্ব কোন পূর্ব–অভিজ্ঞতা নাই। যেমনঃ ঋণদান, বয়স্ক শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা, হাঁস মুরগী ও শাকসব্জি কর্মসূচী, বনায়ন।

এ ধরনের প্রতিটি বিষয় নিয়েই বিস্তারিত আলোচনা করা হয়। এ পর্যায়ে আরো কিছু নতুন প্রকল্প সম্পর্কে ধারণা দেয়া হয়।

**তৃতীয় অধিবেশন ঃ**

এ পর্যায়ে বি, ও, বি, পি'র ডঃ ওয়াকার Post- Harvest Technology সম্পর্কে কিছু ধারণা দেন। যেমনঃ মাছ পরিবহন ও বরফ সরবরাহ, ইলিশ মাছ লবণজাতকরণ, মাছ শুকানো। ডঃ ওয়াকারের এ আলোচনার প্রেক্ষিতে বি, ও, বি, পি'র মিঃ রথীন রায় এ সম্পর্কে পরীক্ষামূলকভাবে কয়েকটি উপজেলায় কিছু বিশেষ প্রকল্প (Special Project) হাতে নেওয়ার প্রয়োজনীয়তার কথা বলেন।

**চতুর্থ অধিবেশন ঃ**

অতঃপর প্রকল্প চূড়ান্তকরণ করার জন্য এবং যতদূর সম্ভব বিভিন্ন উপজেলার মধ্যে যাতে বিভিন্ন ধরনের প্রকল্প নেওয়া যায়, সে জন্যে পটুয়াখালী এবং বরগুনার জেলা কর্মকর্তাদের নেতৃত্বে ২টি জেলাদল গঠন করা হয়। দল দু'টি গোলাকার বৈঠকে মিলিত হয় এবং উপজেলাওয়ারী আবার প্রকল্পগুলো সনাক্তকরণ করেন। জেলা মধ্যকার উপজেলাওয়ারী প্রকল্প সনাক্তকরণের (identification) পর তা' পোষ্টারের মাধ্যমে বড় দলে উপস্থাপন করা হয়। প্রকল্পগুলোকে মূল ২টি ভাগে ভাগ করা হয়ঃ

ক. মূল প্রকল্প (Main Project)
খ. বিশেষ প্রকল্প (Special Project)

**চতুর্থ দিন ঃ**

**প্রথম অধিবেশন ঃ**

অংশগ্রহণকারী এবং প্রশিক্ষকদল/রিসোর্স পারসনদের মতামত/পরামর্শ অনুযায়ী "প্রাথমিকভাবে নির্বাচিত" প্রকল্পসমূহের একটি তালিকা পেশ করার মধ্য দিয়ে দিনের প্রথম অধিবেশন শুরু করা হয়। প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে যে সমস্ত বিষয় বিবেচনা করা হয়, তা নিম্নরূপঃ

ক. পাইলট প্রকল্প হিসাবে তার ভবিষ্যতের replacability.
খ. প্রতিটি উপজেলার প্রথম বছরের বার্ষিক বাজেট (সর্বমোট) ৫০,০০০/ টাকার মধ্যে
গ. জেলেদের নিশ্চিত অংশগ্রহণ এবং জেলেদের দ্বারা পরিচালিত
ঘ. সহজসাধ্য কারিগরী কৌশল
ঙ. অমৎস্য বিভাগীয় প্রকল্পের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগের অংশগ্রহণের সম্ভাবনা
চ. যতদূর সম্ভব প্রকল্প সম্পর্কে পূর্ব অভিজ্ঞতা/সুস্পষ্ট ধারণা
ছ. বর্তমান জনবল (Staffing) অনুযায়ী তত্ত্বাবধান সুযোগ
জ. জেলেদের জন্য লাভজনকতা (Profitability)
ঝ. সর্বাধিক অংশগ্রহণ সুযোগ (Maximum Participation)

এ পর্যায়ে নির্বাচিত প্রকল্পসমূহ হচ্ছে নিম্নরূপঃ

১. পটুয়াখালী (সদর)
- ১. মৎস্য চাষ
- ২. হাঁস মুরগী পালন
- ৩. বনায়ন
- ৪. পয়ঃপ্রণালী

২. মির্জাগঞ্জ
- ১. কার্প নার্সাসী
- ২. জাল ও নৌকা মেরামত
- ৩. স্বাস্থ্য শিক্ষা
- ৪. বরফ সরবরাহ (বিশেষ প্রকল্প)

৩. গলাচিপা
- ১. চিংড়ী-কার্প মিশ্র চাষ
- ২. জাল ও নৌকা মেরামত
- ৩. শাকসব্জি চাষ
- ৪. বনায়ন
- ৫. বয়স্ক শিক্ষা

৪. কলাপাড়া
- ১. চিংড়ী কার্প মিশ্র চাষ
- ২. জাল ও নৌকা মেরামত
- ৩. মাছ লবণজাতকরণ (বিশেষ প্রকল্প)

৫. দশমিনা
- ১. চিংড়ী-কার্প মিশ্র চাষ
- ২. জাল ও নৌকা মেরামত
- ৩. স্বাস্থ্য শিক্ষা

৬. বাউফল
- ১. জাল ও নৌকা মেরামত
- ২. হাঁস মুরগী পালন
- ৩. পুষ্টি শিক্ষা

৭. বরগুনা (সদর)
- ১. নৌকা ও জাল সরবরাহ
- ২. কার্প নার্সারী
- ৩. বরফ সরবরাহ (বিশেষ প্রকল্প)

৮. পাথরঘাটা
- ১. চিংড়ী-কার্প মিশ্র চাষ
- ২. নৌকা ও জাল মেরামত
- ৩. স্বাস্থ্য শিক্ষা
- ৪. ইলিশ মাছ লবণজাতকরণ (বিশেষ প্রকল্প)

৯. বামনা
- ১. নাইলোটিকা মাছের চাষ
- ২. ছোট চিংড়ী ও ছোট মাছ শুটকীকরণ (বিশেষ প্রকল্প)
- ৩. স্বাস্থ্য শিক্ষা
- ৪. নৌকা ও জাল মেরামত

১০. বেতাগী
- ১. নৌকা ও জাল মেরামত
- ২. হাঁস মুরগী পালন
- ৩. নিবিড় টিকাদান কর্মসূচী

১১. আমতলী
- ১. সূতা সরবরাহ
- ২. মুরগী পালন
- ৩. বনায়ন

**এনজিও প্রকল্পসমূহ ঃ (NGO's Projects)**

১. আশা (পটুয়াখালী)
- ১. বয়স্ক শিক্ষা
- ২. স্বাস্থ্য শিক্ষা
- ৩. মাছ চাষ

২. এস, সি, আই (গলাচিপা)
১. মৎস্য চাষ
২. মাছ ক্রয়-বিক্রয় ব্যবসা
৩. মাছ শুকানো (বিশেষ প্রকল্প)
৪. বনায়ন
৫. বয়স্ক শিক্ষা

৩. কোডেক (খেপুপাড়া)
১. শাক-সব্জি চাষ
২. বনায়ন

৪. জাতীয় মৎস্যজীবি সমিতি (পটুয়াখালী)
১. জাল ও নৌকা মেরামত
২. মাছের ক্ষুদ্র ব্যবসা

**দ্বিতীয় অধিবেশন ঃ**

প্রাথমিক প্রকল্প নির্বাচনের পর প্রকল্পের ধরন অনুযায়ী প্রকল্পগুলোকে আলাদা করা হয়। এ পর্যায়ে দেখা যায় যে, নিম্ন প্রকল্পসমূহ উপস্থাপিত হয়েছেঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | মৎস্য চাষ | – | ৩টি |
| ২. | চিংড়ী-কার্প মিশ্রচাষ | – | ৪টি |
| ৩. | কার্প নার্সারী | – | ২টি |
| ৪. | নাইলোটিকা মাছের চাষ | – | ১টি |
| ৫. | জাল ও নৌকা মেরামত | – | ৯টি |
| ৬. | বরফ সরবরাহ | – | ২টি |
| ৭. | ইলিশ মাছ লবণজাতকরণ | – | ২টি |
| ৮. | মাছ শুটকীকরণ | – | ২টি |
| ৯. | সূতা সরবরাহ | – | ১টি |
| ১০. | বনায়ন | – | ৫টি |
| ১১. | শাক-সব্জি চাষ | – | ২টি |
| ১২. | হাঁস মুরগী পালন | – | ৪টি |
| ১৩. | বয়স্ক শিক্ষা | – | ৩টি |
| ১৪. | স্বাস্থ্য/পুষ্টি শিক্ষা | – | ৬টি |
| ১৫. | টিকাদান কর্মসূচী | – | ১টি |
| ১৬. | মাছের ক্ষুদ্র ব্যবসা | – | ২টি |
| ১৭. | পয়ঃপ্রণালী | – | ১টি |

**তৃতীয় অধিবেশন ঃ**

এ পর্যায়ে প্রতিটি প্রকল্প সম্পর্কে আলাদা আলাদাভাবে বিস্তারিত ধারণা দেয়া হয়। প্রতিটি প্রকল্প নেয়ার পূর্বে কি কি বিশেষ বিষয়সমূহ পর্যবেক্ষণ করতে হবে তাও আলোচনা এবং প্রশ্নোত্তর পদ্ধতির মাধ্যমে জানানো হয়। বিশেষতঃ চূড়ান্ত প্রকল্প প্রণয়নের পূর্বে অবশ্যই জেলেদের সাথে আলোচনার গুরুত্ব প্রকাশ করা হয়। যে সমস্ত বিষয় পর্যবেক্ষণ করতে বলা হয়, তা নিম্নরূপঃ

ক. প্রকল্পের সম্ভাব্যতা
  ১. কারিগরী
  ২. অর্থনৈতিক
  ৩. সামাজিক
খ. প্রকল্পের উপকরণ চিহ্নিতকরণ এবং প্রাপ্যতা
গ. প্রকল্পের অর্থনৈতিক অবস্থা/অর্থ সরবরাহ
ঘ. মনিটরিং
ঙ. অন্যান্য বিবেচ্য বিষয়সমূহ

## প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত সদস্যদের নামঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | কাজী আবুল কালাম | জেলা মৎস্য কর্মকতা | পটুয়াখালী |
| ২. | মতিউর রহমান | উপজেলা মৎস্য কর্মকর্তা | পটুয়াখালী |
| ৩. | আলাউদ্দিন আহমেদ | উপজেলা মৎস্য কর্মকর্তা | বামনা |
| ৪. | আবুল কাসেম খান | উপজেলা মৎস্য কর্মকর্তা | আমতলী |
| ৫. | শংকর চন্দ্র হাওলাদার | উপজেলা মৎস্য কর্মকর্তা | পাথরঘাটা |
| ৬. | মোঃ রেজাউল করিম | উপজেলা মৎস্য কর্মকর্তা | মির্জাগঞ্জ |
| ৭. | মোঃ শামসুল হক | উপজেলা মৎস্য কর্মকর্তা | কলাপাড়া |
| ৮. | মোঃ রুহুল আমিন | সহকারী মৎস্য কর্মকর্তা | পটুয়াখালী |
| ৯. | আঃ ছালাম | ক্ষেত্র সহকারী | পটুয়াখালী |
| ১০. | মোঃ মজিবুল মান্নান | সহকারী মৎস্য কর্মকর্তা | বেতাগী |
| ১১. | মোঃ নুরুল ইসলাম | সহকারী মৎস্য কর্মকর্তা | পাথরঘাটা |
| ১২. | মোঃ আবুল খায়ের | আশা প্রতিনিধি | পটুয়াখালী |
| ১৩. | মোঃ নুরুল ইসলাম | বাংলাদেশ জাতীয় মৎস্যজীবি সমিতি | পটুয়াখালী |
| ১৪. | জগদীস চন্দ্র বসু | ক্ষেত্র সহকারী | আমতলী |
| ১৫. | মোঃ জাহাঙ্গীর মিয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত) | বরগুনা |
| ১৬. | মোঃ মাহবুবুল আলম | সহকারী মৎস্য কর্মকর্তা | আমতলী |
| ১৭. | মোঃ মোজাম্মেল হক | উপজেলা মৎস্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত) | গলাচিপা |
| ১৮. | মোঃ শাহজাহান | মৎস্য জরিপ কর্মকর্তা | পটুয়াখালী |
| ১৯. | আব্দুল মজিদ খান | উপজেলা মৎস্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত) | দশমিনা |
| ২০. | মোঃ শাহ্ আলম | সহকারী মৎস্য কর্মকর্তা | বামনা |
| ২১. | মীর ছাব্বির আহমদ | উপজেলা মৎস্য কর্মকর্তা | বেতাগী |
| ২২. | আবুল কালাম আজাদ | মৎস্য জরিপ কর্মকর্তা | বরগুনা |
| ২৩. | মোঃ হারুন | ফিল্ড অফিসার, এস, সি, আই | |
| ২৪. | টিপু | পি ও, কোডেক | |
| ২৫. | মোঃ গোলাম রসুল | জেলা মৎস্য কর্মকর্তা, | বরগুনা |

**পর্যবেক্ষকঃ**

| | | |
|---|---|---|
| ১. | মিঃ রথীন্দ্র নাথ রায় | বি, ও, বি, পি মাদ্রাজ |
| ২. | মিঃ ওয়াকার (Post Harvest Tech), | বি, ও, বি, পি, মাদ্রাজ |
| ৩. | মিঃ আবুল কাসেম | বি, ও, বি, পি, ঢাকা |
| ৪. | মিসেস হোসনে আরা | কনসালটেন্ট (মহিলা কর্মসূচী UNFPA) |

**প্রশিক্ষকদলঃ**

১. মিঃ শিবব্রত নন্দী

২. মিঃ মোশারফ হোসেন